

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 11-09-2025  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার রাজ্যের মোট ২১টি বাজারকে ই-মার্কেটে রূপান্তরিত করার সিদ্ধান্ত নিয়েছে।
- (২) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে গণবন্টন ব্যবস্থাকে আরো শক্তিশালী করতে রেশন ডিলারদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উত্তরাখণ্ডের জন্য ১২০০ কোটি টাকার আর্থিক সহায়তা ঘোষণা করেছেন।
- (৪) সি পি রাধাকৃষ্ণান আগামীকাল উপ রাষ্ট্রপতি হিসেবে শপথ গ্রহণ করবেন।

\*\*\*\*\*

**Market Shed-Ratanlal Nath :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার রাজ্যের মোট ২১টি বাজারকে ইলেকট্রনিক ন্যাশনাল এগ্রিকালচার মার্কেট অর্থাৎ ই-মার্কেটে রূপান্তরিত করার সিদ্ধান্ত নিয়েছে। এর মাধ্যমে রাজ্যের কৃষকরা তাঁদের উৎপাদিত পণ্য অনলাইনের মাধ্যমে দেশের বিভিন্ন প্রান্তে বিক্রি করতে পারবেন। আজ ধলাই জেলার কুলাইয়ে নবনির্মিত বাজার এবং নোয়াগাঁও গ্রামে গ্রামীণ জ্ঞানকেন্দ্রের উদ্বোধন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন।

প্রথম পর্যায়ে পানিসাগর, পাবিয়াছড়া, কুলাই বাজার, তেলিয়ামুড়া, মোহনপুর, সোনামুড়া ও শান্তিরবাজারের ৭টি বাজারকে ই-মার্কেটের আওতায় আনা হবে। দ্বিতীয় পর্যায়ে ই-মার্কেটের আওতায় আনা হবে ১২টি বাজার। এগুলি হল দশদা, বাছাইবাড়ি, কল্যাণপুর, চম্পকনগর, বিশালগড়,

জম্পুইজলা, মেলাঘর, বড়পথারী, নতুন বাজার, গন্ডাতুইসা ও ছামনু।  
কৃষিমন্ত্রী আরো জানান, প্রথম সাতটি বাজারের জন্য কেন্দ্রীয় সরকার  
থেকে ইতিমধ্যে ২ কোটি ১০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে।

\*\*\*\*\*

#### **Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, রাজ্যে গণবন্টন ব্যবস্থাকে আরো শক্তিশালী  
করতে রেশন ডিলারদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। আজ আগরতলার  
সুকান্ত একাডেমির অডিটোরিয়ামে ত্রিপুরা ন্যায্য মূল্যের দোকান পরিচালক  
সমিতির সদর এম সি কমিটির অষ্টম ত্রিবার্ষিক সম্মেলনের উদ্বোধন করে  
তিনি একথা বলেন। উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য কমিটির সভাপতি  
প্রদীপ চন্দ, সম্পাদক অজিত ঘোষ প্রমুখ।

\*\*\*\*\*

#### **Special Investigation Team :**

নকল চেক ব্যবহার করে আগরতলা পুর নিগমের ব্যাংক অ্যাকাউন্ট থেকে  
১৬ কোটি ৩৮ লক্ষ টাকা অবৈধভাবে উত্তোলনের ঘটনা তদন্তের জন্য  
রাজ্য সরকার চার সদস্যের একটি বিশেষ তদন্ত দল, SIT গঠন করেছে।  
পশ্চিম জেলার অতিরিক্ত পুলিশ সুপার (আরবান) ধ্রুব নাথ এই তদন্তকারী  
দলের নেতৃত্ব দেবেন। সিট-এ অন্যান্য সদস্যরা হলেন সদরের এসডিপিও  
দেবপ্রসাদ রায়, পশ্চিম আগরতলা থানার ওসি রানা চ্যাটার্জি এবং সাব  
ইনস্পেক্টর রণজিৎ দাস। তারা তদন্ত শেষে পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ  
সুপার নমিত পাঠকের কাছে তার প্রতিবেদন জমা দেবেন।

চেক প্রতারণার ঘটনায় আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার  
জানিয়েছেন, নিগমের কোনও কর্মকর্তা বা কর্মচারী এই জালিয়াতির সঙ্গে  
জড়িত নন। পুলিশের এক আধিকারিক জানান, প্রাথমিক তদন্তে দেখা গেছে  
হায়দ্রাবাদের একটি জালিয়াতচক্র পুর নিগমের এক প্রাক্তন আধিকারিকের  
সাক্ষর জাল করে ব্যাংক থেকে টাকা তুলে নিয়েছে।

\*\*\*\*\*

### **Voice Over-GST REFORM :**

স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দীপাবলির মধ্যে পরবর্তী প্রজন্মের জি.এস.টি সংস্কারের কথা ঘোষণা করেছিলেন। তেসরা সেপ্টেম্বর জি.এস.টি কাউন্সিল সেই ঘোষণারই বাস্তবায়ন নিশ্চিত করলো। চার স্তরের কর কাঠামো থেকে পরোক্ষ কর ব্যবস্থাকে ৫ এবং ১৮ শতাংশের দুই স্তরের কাঠামোতে এনে সরলীকৃত করা হয়েছে। আজ চলুন, প্রসাধনী ক্ষেত্রে সংস্কারগুলির সুবিধায় নজর দেওয়া যাক।

#####VC#####

\*\*\*\*\*

### **Bandh-Kailashahar :**

কংগ্রেস আহত আজ বারো ঘন্টার কৈলাশহর মহকুমা বনধ শান্তিপূর্ণভাবেই অতিবাহিত হয়েছে। বনধকে কেন্দ্র করে অপ্রীতিকর ঘটনার খবর নেই। মোট এগারো দফা দাবিতে কংগ্রেস এই বনধ ডেকেছিল। পুলিশ জানিয়েছে, নানাস্থানে পিকেটিং করার সময় ১৩০ জন কংগ্রেস কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। ঊনকোটি জেলার পুলিশ সুপার সুধাশ্বিকা আর জানান, বনধের সময় শান্তি রক্ষায় সবধরনের ব্যবস্থা নিয়েছিল আরক্ষা প্রশাসন। এদিকে, বিধায়ক বীরজিৎ সিংহ দাবি করেছেন, আজকের বনধ ছিল সর্বাত্মক।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-

এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **PM-Uttarakhand :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেৱাদুনে উত্তরাখণ্ডের বিভিন্ন এলাকায় মেঘ ভাঙন, বৃষ্টিপাত এবং ভূমিধসের কারণে বন্যা পরিস্থিতি এবং ক্ষয়ক্ষতি পর্যালোচনা করেছেন। প্রধানমন্ত্রী উত্তরাখণ্ডের জন্য ১২০০ কোটি টাকার আর্থিক সহায়তা ঘোষণা করেছেন।

তিনি সমগ্র অঞ্চলের সংস্কার এবং এর জনগণকে সহায়তা করার জন্য একটি বহুমাত্রিক পদ্ধতির প্রয়োজনীয়তার উপর জোর দেন। এর মধ্যে থাকবে প্রধানমন্ত্রী আবাস যোজনার আওতায় বাড়িঘর পুনর্নির্মাণ, জাতীয় মহাসড়ক সংস্কার, বিদ্যালয় পুনর্নির্মাণ, প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিলের মাধ্যমে ত্রাণ প্রদান এবং গবাদি পশুর জন্য মিনি কিট বিতরণের মতো পদক্ষেপ।

শ্রী মোদী বন্যা ও সংশ্লিষ্ট দুর্যোগে নিহতদের নিকটাত্মীয়দের জন্য ২ লক্ষ টাকা এবং গুরুতর আহতদের জন্য ৫০,০০০ টাকা অনুদান ঘোষণা করেছেন।

প্রধানমন্ত্রী ঘোষণা করেছেন যে সাম্প্রতিক বন্যা ও ভূমিধসে অনাথ শিশুরা পিএম কেয়ারস ফর চিলড্রেন স্কিমের মাধ্যমে সহায়তা পাবে, যার ফলে তাদের, দীর্ঘমেয়াদী যত্ন এবং কল্যাণ নিশ্চিত হবে।

\*\*\*\*\*

#### **Vice-President Oath :**

উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচিত সি পি রাধাকৃষ্ণান আগামীকাল নতুনদিল্লিতে রাষ্ট্রপতি ভবনে শপথ গ্রহণ করবেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু আগামীকাল সকাল ১০টায় শ্রী রাধাকৃষ্ণানকে শপথ বাক্য পাঠ করবেন। এই অনুষ্ঠানে যোগ দিতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে পৌঁছেছেন।

\*\*\*\*\*

#### **PM, Varanasi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসীতে মরিশাসের প্রধানমন্ত্রী নবীনচন্দ্র রামগুলামের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। উভয় নেতার মধ্যে দ্বিপাক্ষিক আলোচনায় সহযোগিতার সম্পূর্ণ পরিসর অন্তর্ভুক্ত ছিল। দুই দেশের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি, সমুদ্রবিদ্যা, প্রশাসনিক প্রশিক্ষণ এবং টেলিমেট্রি ক্ষেত্রে চারটি সমঝোতা স্মারক বিনিময় করা হয়েছে। বিদ্যুৎ ক্ষেত্রে, ক্ষুদ্র উন্নয়ন প্রকল্পের জন্য ভারতীয় অনুদান সহায়তা এবং আরও তিনটি নথি বিনিময় করা হয়েছে।

এক যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী মোদী দুই দেশের মধ্যে গভীর সম্পর্ক পুনর্ব্যক্ত করে বলেন, “ভারত এবং মরিশাস দুটি জাতি, কিন্তু আমাদের স্বপ্ন একই।

#####Byte-PM#####

উল্লেখ্য, মরিশাসের প্রধানমন্ত্রী ৯ থেকে ১৬ই সেপ্টেম্বর পর্যন্ত সপ্তাহব্যাপী রাষ্ট্রীয় সফরে ভারতে থাকছেন।

\*\*\*\*\*

#### **Nepal-Sushila Karki :**

নেপালের প্রাক্তন বিচারপতি সুশীলা কার্কি জেন জি আন্দোলনের অংশগ্রহণকারীদের প্রস্তাব অনুসারে অন্তর্বর্তী প্রধানমন্ত্রী হতে রাজি হয়েছেন। তিনি নিজের বক্তব্যে ভারতের সমর্থনের জন্য প্রশংসা করেছেন। একইসঙ্গে তিনি বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রতি তাঁর ইতিবাচক ধারণা

রয়েছে। জেনজি আন্দোলনকারীরা অন্তর্বর্তী সরকারের নেতৃত্ব দিতে তাঁর ওপর আস্থা রেখেছেন বলেও শ্রীমতী কার্কি জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Package Story-100 Days CANCER SCREENING :**

আজ পৃথিবীজুড়ে রোগ ও মৃত্যুর পরিসংখ্যানে বিভিন্ন অসংক্রামক রোগকেই অন্যতম দুর্শ্চিন্তার কারণ হিসেবে তালিকার ওপরের দিকে পাওয়া যাচ্ছে। আর সেই তালিকায় প্রায় সবার শীর্ষে অবস্থান ক্যান্সার রোগের। জাতীয় স্বাস্থ্য মিশনের আওতায় আগে থেকে সনাক্তকরণের লক্ষ্যে রাজ্যে চালানো হচ্ছে ১০০ দিনের বিশেষ ক্যান্সার স্ক্রিনিং বা সনাক্তকরণ অভিযান। একটি প্রতিবেদন।

#####VC#####

\*\*\*\*\*

### **INDIA ON SWITZERLAND :**

ভারতে সংখ্যালঘুদের অবস্থা নিয়ে জাতিসংঘের মানবাধিকার পরিষদের সভাপতি হিসেবে সুইজারল্যান্ডের মন্তব্যকে বিস্ময়কর এবং ভুল তথ্যপূর্ণ বলে খারিজ করলো ভারত। একইসঙ্গে ত্রুটিপূর্ণ এবং ভারতের প্রকৃত পরিস্থিতি সম্পর্কে ভুল ধারণা প্রদানকারী বক্তব্য পেশ করে জাতিসংঘ মানবাধিকার পরিষদের মূল্যবান সময় নষ্ট না করার ব্যাপারেও পরামর্শ দিয়েছেন ভারতের স্থায়ী প্রতিনিধি ফ্রিতিজ ত্যাগী।

\*\*\*\*\*

### **Lop Mass Meeting :**

বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী আজ জোলাইবাড়ির উত্তর হিচাছড়া ভিলেজে ও মনুবনকুলে উপজাতি গনমুক্তি পরিষদের দুইটি সম্মেলনে বক্তব্য রাখেন। উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, প্রাক্তন এমডিসি পরীক্ষিত মুডাসিং।

\*\*\*\*\*

### **Nirmahal Jal Utsab :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আগামীকাল মেলাঘরের রাজঘাটে তিন দিনব্যাপী ঐতিহ্যবাহী নীরমহল জল উৎসবের উদ্বোধন করবেন। এই উৎসব চলবে আগামী ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত। উপস্থিত থাকবেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ, বিধায়ক বিন্দু দেবনাথ, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাপতি পিন্টু আইচ প্রমুখ।

\*\*\*\*\*

### **Seva Pakhwada :**

ভারতীয় জনতা পার্টি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে এই মাসের ১৭ তারিখ থেকে দেশজুড়ে "সেবা পথওয়াড়া" বা সেবা পঙ্কের আয়োজন করবে। আজ বিকেলে নতুনদিল্লিতে দলীয় সদর দপ্তরে দলের বরিষ্ঠ নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব বলেন যে, "সেবা পথওয়াড়া" ২রা অক্টোবর, মহাত্মা গান্ধী এবং লাল বাহাদুর শাস্ত্রীর জন্মবার্ষিকী পর্যন্ত চলবে। তিনি বলেন, "সেবা পথওয়াড়া" চলাকালীন, সমাজের প্রতিটি শ্রেণীর মানুষ যাতে সক্রিয়ভাবে সংযুক্ত হতে পারেন, সেজন্য বিভিন্ন বিষয়কে কেন্দ্র করে বিভিন্ন কর্মসূচির পরিকল্পনা করা হয়েছে। শ্রী যাদব বলেন, প্রধানমন্ত্রী মোদী ভারতের রাজনীতিতে সেবা এবং পরিচ্ছন্নতার মতো মৌলিক মূল্যবোধকে সামনে এনেছেন। তিনি বলেন, প্রকৃতি রক্ষার প্রতি প্রধানমন্ত্রী মোদীর সংবেদনশীলতার কারণে, ভারত এখন পরিবেশ সংরক্ষণের দিকে দৃঢ়ভাবে এগিয়ে চলেছে।

\*\*\*\*\*

### **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*